

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 27-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, সড়ক নিরাপত্তা এবং মাদকের অপব্যবহার থেকে বাঁচতে সচেতনতাই অন্যতম পথ।
- (২) ইকফাই বিশ্ববিদ্যালয়ে পাঁচদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চল আন্তঃ বিশ্ববিদ্যালয় তরঙ্গ উৎসব ২০২৫ শুরু।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লির কারিয়াপ্পা প্যারেড গ্রাউন্ডে বার্ষিক এনসিসির সমাবেশে যোগ দেন।
- (৪) আন্তঃছাত্রাবাস ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে বেলকুমবাড়ি ছাত্রাবাস দল।

\*\*\*\*\*

**Governor-Jagriti :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, সড়ক নিরাপত্তা এবং মাদকের অপব্যবহার থেকে বাঁচতে সচেতনতাই অন্যতম পথ। এই সচেতনতা গড়ে তুলতে সবাইকে অগ্রন্তি ভূমিকা নিতে হবে। আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জাগৃতি ২০২৫ শীর্ষক এক আন্তঃ কলেজ কুঝইজ প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি একথা বলেন। খাদ্য ও পরিবহন দপ্তর আয়োজিত এই কুঝইজ প্রতিযোগিতায় রাজ্যপাল আরো বলেন, প্রতিদিন পথ দুর্ঘটনার বহু মানুষের মৃত্যু হচ্ছে। মাদকাস্তুর হয়ে যান চালানোর কারণে এই মৃত্যুর হার অনেকটাই বেশী। পথ দুর্ঘটনার হার কমানোর লক্ষ্যে তিনি সড়ক সুরক্ষা সচেতনতা বৃদ্ধির উপর জোর দেন।

রাজ্যপাল বলেন, এরাজ্যও ভোক্তারা প্রতারণার শিকার হচ্ছেন। এক্ষেত্রে প্রতারিতরা কার কাছে গিয়ে সুবিচার পাবেন তা অনেক সময় বুঝে উঠতে পারেন না। এক্ষেত্রে ভোক্তাদের সাহায্য সহযোগিতা করার জন্য সরকারকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা উচিত।

সমাজের একটি অংশের মধ্যে নেশা আসক্তি বৃদ্ধির কথা উল্লেখ করে তিনি উদ্বেগ প্রকাশ করেন। রাজ্যপাল বলেন, নেশার বাড়বাড়ন্ত রোধে বর্তমানে রাজ্য সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করছে। মাদকের বিরুদ্ধে সচেতনতা বাড়তে যুব সমাজকেই সবচেয়ে বেশী দায়িত্ব নিতে হবে।

#### #####Byte-Governor#####

আজ কুয়ার্টারের বিষয় ছিল, ভোক্তা সুরক্ষা, সড়ক নিরাপত্তা এবং মাদকের অপব্যবহারের ঝুঁকি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রী রতন লাল নাথ, পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা ও বিধায়ক দীপক মজুমদার। পশ্চিম ত্রিপুরা এবং খোয়াই জেলার বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

#### **Governor-ICFAI :**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেডি নাল্লু আজ কামালঘাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয়ে পাঁচদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চল আন্তঃ বিশ্ববিদ্যালয় তরঙ্গ উৎসব ২০২৫-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন বিকশিত ভারত গড়ার যে স্বপ্ন প্রধানমন্ত্রী দেখেছেন তা বাস্তবায়নের লক্ষ্যে যুবসমাজকেই অগ্রণী ভূমিকা নিতে হবে। এই তরঙ্গ উৎসব চলবে আগামী ৩১শে জানুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

#### **AIR Seminar :**

আকাশবাণী আগরতলার উদ্যোগে আন্তঃ কলেজ কুয়ার্ট প্রতিযোগিতা আজ শেষ হয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে

অনুষ্ঠিত শেষ দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক অরুণোদয় সাহা, বরিষ্ঠ সাংবাদিক প্রনব সরকার, আকাশবাণী আগরতলার ভারপ্রাপ্ত কেন্দ্রীয় অধিকর্তা ভি দিনেশ কুমার, কার্যক্রম বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা। অধ্যাপক অরুণোদয় সাহা রেডিওর গুরুত্ব তুলে ধরে ছাত্রছাত্রীদের রেডিও শোনার আহ্বান জানান। আজ কুইচের মূল পর্বের প্রতিযোগিতায় ৫টি কলেজের মধ্যে প্রথম স্থান দখল করে মহারাজা বীর বিক্রম কলেজ, দ্বিতীয় স্থান টিআইটি, তৃতীয় স্থান দখল করে টেকনো কলেজ।

\*\*\*\*\*

### **Akashvani Agartala :**

আকাশবাণী আগরতলার পথচলা শুরু হয়েছে ১৯৬৭ সালের ২৬শে জানুয়ারী। গতকাল এ উপলক্ষ্যে আকাশবাণী আগরতলার কার্যক্রম অধিকারিক শুভেন্দু বাগের নেতৃত্বে আকাশবাণীর প্রতিনিধিরা আগরতলার 'আপনাঘর' বৃন্দাশ্রমে গিয়ে সেখানকার বাসিন্দা বয়স্ক মহিলাদের সঙ্গে সময় কাটান ও অনুষ্ঠান পরিবেশন করেন। সঙ্গীত পরিবেশন করেন ইতিকনা মুখার্জি ও অনামিকা আচার্য। নৃত্য পরিবেশন করেন রাতুল লোধ।

\*\*\*\*\*

### **Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যের একমাত্র পাহাড়ী পর্যটন কেন্দ্র জম্পুইপাহাড়ের প্রাকৃতিক সৌন্দর্যকে কাজে লাগিয়ে পর্যটনের উন্নয়ন করতে চায় রাজ্য সরকার। আজ মহাকরণে মন্ত্রীর সঙ্গে দেখা করে এই বিষয়ে আলোচনা করেছেন জম্পুই সমষ্টি উন্নয়ন ব্লকের ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বিয়াকচুংনুংগা এবং মিজো কনভেনশন এর সভাপতি জে.ডি.মাওইআ।

\*\*\*\*\*

### **BJP :**

বিজেপির ত্রিপুরা ও আসাম প্রদেশের সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজুর পৌরোহিত্যে আজ আগরতলায় দলের প্রদেশ কার্যালয়ে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য সহ প্রদেশ কমিটির পদাধিকারীগণ, মোর্চা সভাপতি-সভানেত্রী গণ, জেলা সভাপতি-সভানেত্রী গণ, আইটি সোশ্যাল মিডিয়া এবং মিডিয়া ইনচার্জরা। বৈঠকে দলকে আরো শক্তিশালী করে তোলার পাশাপাশি তৃণমূল স্তর পর্যন্ত মানুষকে পরিষেবা প্রদান করা নিয়ে আলোচনা হয়। তাছাড়া দলের শৃঙ্খলা বজায় রাখার জন্য সবার প্রতি আহ্বান জানানো হয়।

\*\*\*\*\*

### **CPIM :**

সিপিআইএমের ২৪ তম রাজ্য সম্মেলন উপলক্ষে আজ শান্তিরবাজার মহকুমার গারো কলোনিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সিপিআইএম রাজ্য সম্পাদক, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার ও পরীক্ষিত মুড়াসিং প্রমুখ বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে

এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### NCC, PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লির কারিয়াঘাস প্যারেড গ্রাউন্ডে বার্ষিক ন্যাশনাল ক্যাডেট কর্পস বা এনসিসির সমাবেশে যোগ দেন। এই বছরের NCC PM সমাবেশের বিষয় হল 'যুব শক্তি, বিকশিত ভারত'। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে এক জাতি এক নির্বাচনের অধীনে একযোগে নির্বাচন পরিচালনার উপর জোর দিয়ে, যুবাদের এ বিষয়ে বিস্তারিত আলোচনা করার কথা বলেন। তিনি বলেন, একাধিক নির্বাচন দেশের কাজের গতিকে বাধাগ্রস্ত করে। প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে তরুণদের অবদানের প্রশংসা করেন। তিনি বলেন, মুদ্রা যোজনা, জাতীয় শিক্ষা নীতি এবং বৃত্তির সহজলভ্যতা তরুণদের নতুন উচ্চতা অর্জনে সহায়তা করেছে। প্রধানমন্ত্রী একটি উন্নত জাতিতে পরিণত হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার ওপর জোর দেন। তিনি বক্তব্যে এন সি সির গুরুত্ব তুলে ধরেন।

#####Byte-PM#####

অনুষ্ঠানে ৮০০রও বেশি ক্যাডেট সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

এছাড়াও, সারা দেশ থেকে মেরা যুব ভারত, শিক্ষা মন্ত্রক এবং আদিবাসী বিষয়ক ৬৫০জনেরও বেশি স্বেচ্ছাসেবক বিশেষ অতিথি হিসাবে সমাবেশে যোগ দেন।

অনুষ্ঠানে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ, প্রতিরক্ষা বাহিনী প্রধান অনিল চৌহান এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### Award launched :

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবে এবং সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নতুন দিল্লিতে WAVES বাজার, WAH ও স্তাদ চ্যালেঞ্জ এবং WAVES পুরস্কার চালু করেছেন। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে শ্রী বৈষ্ণবে বলেন, ভারত তার ঐতিহ্য, সমৃদ্ধি সংস্কৃতি এবং গল্প বলার জন্য বিশ্ব মধ্যে অনেক গুরুত্ব পাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন যে ভারত শীঘ্রই সৃজনশীল অর্থনীতির রাজধানী হয়ে উঠবে।

অনুষ্ঠানে সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেন যে ভারতের সংস্কৃতি ও ঐতিহ্য তা যোগ বা আয়ুর্বেদই হোক, এখন সারা বিশ্বে স্বীকৃত হচ্ছে, তিনি বলেন, ভারত অর্থনীতি, প্রযুক্তি এবং প্রতিরক্ষা ক্ষেত্রে উন্নতি করছে। তিনি আরও বলেন ভারতের সংস্কৃতিই দেশের প্রকৃত শক্তি। অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু বক্তৃব্য রাখেন। উল্লেখ্য, WAVES পুরস্কারের জন্য মনোনয়ন ১৫ই ফেব্রুয়ারি খোলা হবে।

\*\*\*\*\*

### **Mahakumbh :**

এবার মহাকুণ্ডের খবর।

#####Sound Byte#####

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুণ্ড ত্রিবেণী সঙ্গমে আজ বিপুল সংখ্যক ভক্ত পুণ্যম্বান করেন। শুধুমাত্র আজ সকালেই ৪৬ লক্ষ ৬৪ হাজারেরও বেশি ভক্ত পুণ্যম্বান করেন। উত্তরপ্রদেশ সরকারের তথ্য দফতর জানিয়েছে এপর্যন্ত ১৩ কোটি ২১ হাজারেরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে অমৃতম্বান করেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও আজ প্রয়াগরাজে মহাকুণ্ডে পবিত্র ম্বান করেন।

#####Sound Byte#####

\*\*\*\*\*

### **Deputation :**

বামপন্থী গনসংগঠনসমূহের যৌথ উদ্যোগে আজ নয় দফা দাবির ভিত্তিতে কেলাশহরে মিছিল ও মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। দাবিগুলির মধ্যে রয়েছে, মনুনদীর নাব্যতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা, মহকুমার বিভিন্ন এলাকার বন্যা নিরোধক বাঁধের উচ্চতা ও প্রস্থ বৃদ্ধি করা ইত্যাদি। দাবিগুলীর সপক্ষে বক্তব্য রাখেন, কৃষ্ণেন্দু চৌধুরী, বিশ্বরূপ গোস্বামী, ইনুচ মিত্রা খাদিম, বিনয় দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

### **Yatra Festival :**

রাজ্য যাত্রা শিল্পের বিকাশে তথ্য ও সংস্কৃতি দপ্তর বিশেষ উদ্যোগ নিয়েছে। এরই অঙ্গ হিসেবে আগামী ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে ধর্মনগরে রাজ্যভিত্তিক যাত্রা উৎসব অনুষ্ঠিত হবে। ১২ দিনব্যাপী রাজ্যভিত্তিক যাত্রা উৎসবে রাজ্যের বিভিন্ন জেলার যাত্রাদল অংশ নেবে। উল্লেখ্য, আগামী ২৯ জানুয়ারি থেকে রাজ্যভিত্তিক যাত্রা উৎসব আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। অনিবার্য কারণে রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের সময়সূচি পরিবর্তন করা হয়েছে। রাজ্যের বিভিন্ন জেলার ২৩টি যাত্রা দল ইতিমধ্যেই যাত্রা উৎসবে অংশ নেওয়ার জন্য তাদের যাত্রার পান্ডুলিপি তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা দিয়েছে।

\*\*\*\*\*

### **Football :**

কেলাশহর মহকুমাভিত্তিক আন্তঃছাত্রাবাস ফুটবল প্রতিযোগিতা আজ স্থানীয় আর, কে, আই মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন, মহকুমা ছাত্রাবাস কমিটির চেয়ারম্যান ঘোসেফ দারলং। বক্তব্য রাখেন, মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা সঞ্জিৎ কুমার দেববর্মা। তিনটি ফুটবল দলের মধ্যে লড়াইয়ে চ্যাম্পিয়ন হয়েছে, বেলকুমবাড়ি ছাত্রাবাস দল। তারা এক শূন্য গোলের ব্যবধানে আর, কে, আই বালক ছাত্রাবাস দলকে পরাজিত করে। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্স' দলকে ট্রফি তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*

### **Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ হলিক্রস স্কুল ও আসাম রাইফেলস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আসাম রাইফেলস স্কুল ১-০ গোলে সেন্ট পলস্ স্কুলকে এবং অপর খেলায় হলিক্রস স্কুল ১০-০ গোলে প্রণবানন্দ বিদ্যাভবনকে পরাজিত করে।

\*\*\*\*\*

### **Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে প্রগতি প্লে সেন্টার ২৯২ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং নেপকো মাঠে এন এস আর সি সি ১১৫ রানে কর্ণেল কোচিং কোচিং সেন্টারকে পরাজিত করে। তালতলা মাঠ এগিয়ে চলো সংঘ ও মৌচাক কোচিং সেন্টারের খেলাটি টাই হয়।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ১১.৬ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*